

# জুবায়েদ হত্যার প্রতিবাদে কুবি ছাত্রদলের বিক্ষোভ

কুবি প্রতিনিধি



ছবি: কালের কণ্ঠ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থী ও ছাত্রদল নেতা জুবায়েদ রহমানকে হত্যার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) ছাত্রদল।

রবিবার (১৯ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের মূল ফটক থেকে মিছিলটি শুরু হয়ে দক্ষিণ মোড় প্রদক্ষিণ করে পুনরায় মূল ফটকে এসে শেষ হয়। এ সময় ছাত্রদলের নেতাকর্মীদের সঙ্গে বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন।

মিছিলে নেতাকর্মীরা ‘বিচার বিচার বিচার চাই, জুবায়েদ হত্যার বিচার চাই’, ‘খুন হয়েছে আমার ভাই, খুনি তোদের রক্ষা নাই’, ‘জুবায়েদ ভাইয়ের রক্ত বৃথা যেতে দেব না’, ‘ছাত্রদলের রক্ত বৃথা যেতে দেব না’, ‘জগন্নাথে লাশ পড়ে, ইন্টেরিম কী করে?’ ইত্যাদি স্লোগান দেন।

মিছিল শেষে প্রত্নতত্ত্ব বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী  
সৈয়দা নাজিফা নাফিল বলেন, আমাদের নিরাপত্তাটা কোথায়?  
আমাকেও তো মেরে ফেলতে পারে। আমি কোনো রাজনৈতিক  
দলের সঙ্গে জড়িত নই। একজন সাধারণ শিক্ষার্থী হিসেবে এখানে  
আসছি, কারণ আমি চিন্তা করেছি, এটা আমার সঙ্গেও হতে পারে।  
যে ভাইকে হত্যা করা হয়েছে, অতিক্রান্ত যেন হত্যাকারীর বিচার  
হয়।

যাতে এ ধরনের ঘটনা আর না ঘটে।

কুবি ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সাঈদুল ইসলাম শাওন বলেন,  
আমরা কি এমন একটি দেশের কথা চিন্তা করছিলাম, এমন একটি  
দেশের জন্য জীবনের ঝুঁকি নিয়ে রাস্তায় নেমেছিলাম? একটি  
বাসযোগ্য এবং নিরাপদ বাংলাদেশের কথা চিন্তা করে আমরা  
২৪-এর আন্দোলন সফল করেছি। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে  
বলতে হয়, আজকে আমরা সাধারণ শিক্ষার্থী এবং দেশের কোনো  
জনগণ নিরাপদ নয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাম্য থেকে শুরু করে  
পারভেজ থেকে আজকে জগন্নাথের জুবায়েদ হত্যা- এই যে  
শিক্ষার্থীদের হত্যাকাণ্ড, ২৪-পরবর্তী সময়ে এটা কোনোভাবেই  
গ্রহণযোগ্য নয়।

আমরা মনে করি, শিক্ষার্থীদের বারবার হত্যা এবং হত্যার চেষ্টা  
করা হচ্ছে। আমরা ইন্টেরিমকে বলতে চাই, আর যদি একটি

মায়ের কোল খালি করা হয় এবং আরেকটি ভাইয়ের ও একটি ছাত্রদলের শিক্ষার্থীর রক্ত ঝরানো হয়, তাহলে এই সরকারকে আমরা আর এক ঘণ্টাও ক্ষমতায় রাখব না।

কুবি ছাত্রদলের সদস্য সচিব মোস্তাফিজুর রহমান শুভ বলেন, আমাদের ভাই হত্যা হয়, আমাদের বোন হত্যা হয়, আমাদের বোনেরা নির্যাতিত হয়, ধর্ষিত হয়, কিন্তু ইন্টেরিম সরকার বিচার করতে পারে না। আমরা সকলেই দেখছি, গত বছরের ৫ আগস্ট পরবর্তী একের পর এক ছাত্রদলের সদস্যদেরকে টার্গেট কিলিং করা হচ্ছে। আমাদের বিশ্ববিদ্যালয়ের বোনদের ধর্ষণ ও ধর্ষণের হুমকি দেওয়া হচ্ছে।

গত কিছুদিন আগে আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী বোন ও তার মাসহ তাদেরকে বাসায় হত্যা করা হয়েছে। এই সমস্ত কিছুই প্রমাণ করে বর্তমান ইন্টেরিম সরকার একটি অযোগ্য সরকার। এই সরকারের কোনো ধরনের নিয়ন্ত্রণ নেই। এই সরকার আমাদেরকে নিরাপত্তা দিতে ব্যর্থ হচ্ছে।

তিনি আরো বলেন, আমরা আপনাদের বলে দিতে চাই, বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয় কিংবা কোনো কলেজে যদি আর কোনো আমার ভাই-বোনদের শিক্ষার্থীর ওপর হাত তোলা হয়, কোনো শিক্ষার্থী ভাইবোনকে হত্যা বা নির্যাতন করা হয়, তাহলে কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে সঙ্গে নিয়ে বাংলাদেশের প্রতিটি বিশ্ববিদ্যালয়ে সাধারণ শিক্ষার্থীদেরকে পাশে নিয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল রাজপথে অগ্রণী ভূমিকা রাখবে।

প্রসঙ্গত, রবিবার সন্ধ্যার দিকে পুরান ঢাকার একটি ভবনের সিঁড়ি

থেকে জবি শিক্ষার্থী জুবায়েদ রহমানের মরদেহ উদ্ধার করা হয়।

তিনি বিশ্ববিদ্যালয়ের ১৫তম ব্যাচের শিক্ষার্থী এবং শাখা

ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য ছিলেন।